



স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.৯৯.০০১.০৯-৮২

তারিখঃ ০২.০২.২০২১ ই

প্রতি

প্রকল্প পরিচালক

..... প্রকল্প


স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয়ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় জেলা ও উপজেলাসহ বিভিন্ন পর্যায়ের বিভিন্ন ক্রয়-কার্যক্রমে দরপত্র মূল্যায়ন কমিটি, কারিগরি সাব-কমিটি ও দরপত্র উন্মুক্তকরণ কমিটির সদস্যগণের সম্মানী ও পত্রিকায় বিজ্ঞাপনের ব্যয় নির্বাহের লক্ষ্যে পর্যাপ্ত বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় জেলা ও উপজেলাসহ বিভিন্ন পর্যায়ের অনেক ক্রয়-কার্যক্রমে দরপত্র মূল্যায়ন কমিটি, কারিগরি সাব-কমিটি ও দরপত্র উন্মুক্তকরণ কমিটির সদস্যগণকে সম্মানী প্রদান ও পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের লক্ষ্যে উন্নয়ন ও রাজস্ব বাজেটে পর্যাপ্ত অর্থের সংস্থান রাখা হয় না বলে জানা গেছে। অথচ, দরপত্র মূল্যায়ন কমিটি, কারিগরি সাব-কমিটি ও দরপত্র উন্মুক্তকরণ কমিটির সদস্যগণকে নির্ধারিত হারে সম্মানী প্রদানের বিষয়টি আইন ও বিধিমালা দ্বারা সিদ্ধ। কিন্তু বাস্তবে বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান না থাকার কারণে এ বিষয়টি উপেক্ষিত থাকছে। অন্যদিকে, পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এর ধারা ৪০ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৯০ এর নির্দেশনা অনুযায়ী ক্ষেত্রমত, পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ ক্রয়কারীর জন্য বাধ্যতামূলক; বাজেটে পর্যাপ্ত অর্থের সংস্থান ব্যতিরেকে যার প্রতিপালন যথাযথভাবে নিশ্চিত করা সম্ভব নয়।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় জেলা ও উপজেলাসহ সকল পর্যায়ে ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৭(৩) এবং বিধি ১৬ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি, কারিগরি সাব-কমিটি ও দরপত্র উন্মুক্তকরণ কমিটির সদস্যগণকে নির্ধারিত হারে সম্মানী প্রদান ও পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এর ধারা ৪০ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৯০ এর নির্দেশনা অনুযায়ী ক্ষেত্রমত, পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের ব্যয় নির্বাহের লক্ষ্যে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করার জন্য বলা হ'ল।



(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ৯১২৪০২৭


ই-মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.৯৯.০০১.০৯--

তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, .....
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশাসন শাখা, এলজিইডি (রাজস্ব বাজেটে পত্রের মর্মার্থ অনুযায়ী পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতের অনুরোধ সহ)।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, .....
- ৪। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ .....
- ৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ....., উপজেলা, জেলাঃ .....



(মোঃ আব্দুস সাত্তার)

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫

ই-মেইলঃ [xen.procurement@lged.gov.bd](mailto:xen.procurement@lged.gov.bd)